ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৩৪৮৫

আগরতলা, ৩০ অক্টোবর, ২০২৫

**পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের কৃষি বিষয়ক স্থায়ী কমিটির সভা**

পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সভাকক্ষে সম্প্রতি জিলা পরিষদের কৃষি বিষয়ক স্থায়ী কমিটির এক সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন এই স্থায়ী কমিটির সভাপতি মলয় লোধ। সভায় পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাধিপতি বিশ্বজিৎ শীল সহ স্থায়ী কমিটির অন্যান্য সদস্য-সদস্যাগণ এবং বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ উপস্থিত ছিলেন। কৃষি ও কৃষক কল্যাণ দপ্তরের আধিকারিক জানান, চলতি অর্থবছরে খারিফ মরশুমে এখন পর্যন্ত পশ্চিম জেলার অন্তর্গত বিভিন্ন কৃষি মহকুকমায় ১০৯ হেক্টর জমি আউশ ধান, ১৫,৬৩৩ হেক্টর জমি আমন ধান, ১১২২ হেক্টর জমি ভুট্টা চাষের আওতায় এসেছে। এছাড়া ৮০৩ হেক্টর জমি ডালজাতীয় শস্যচাষের আওতায় এসেছে। চলতি অর্থবছরে কিষাণ ক্রেডিট কার্ড প্রকল্পে এখন পর্যন্ত ৭৯ জনের ঋণ মঞ্জুর করা হয়েছে এবং এতে মোট ৫২ লক্ষ ২৮ হাজার টাকা ব্যয় হয়েছে। প্রধানমন্ত্রী কিষাণ সম্মান নিধি প্রকল্পে পশ্চিম জেলায় এখন পর্যন্ত ১৮,১৩৯ জন কৃষক উপকৃত হয়েছে এবং এতে মোট ৩৬২.৭৮ লক্ষ টাকা ব্যয় হয়েছে। পশ্চিম জেলায় সার পর্যাপ্ত পরিমাণে মজুত রয়েছে।

সভায় মৎস্য দপ্তরের আধিকারিক জানান, চলতি অর্থবছরে মৎস্য সহায়ক যোজনায় পশ্চিম ত্রিপুরা জেলার অন্তর্গত জিরানীয়া, মোহনপুর ও সদর মহকুমায় মোট ৫৩০ জন মৎস্যচাষীকে ৬ হাজার টাকা করে সহায়তা প্রদান করা হবে।

*******